# ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের বোর্ডসভার কার্যবিবরণী

তারিখ ঃ ০৪ মার্চ, ২০১৪
সময় ঃ সকাল ১১-০০ টা
স্থান ঃ সভাকক্ষ, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।
সভাপতি ঃ ব্রিগেডিয়ার জেনারেল মোঃ নুরুল মোমেন খান, এনডিসি, পিএসসি
প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড
ও
স্টেশন কমান্ডার, ঢাকা সেনানিবাস।

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যদের তালিকা পরিশিষ্ট 'ক'-এ উপস্থাপন করা হলো।

সভার শুরুতেই উপস্থিত সদস্যগণকে স্বাগত জানানো হয় এবং আলোচ্যসূচীর উপর বিস্তারিত আলোচনান্তে নিম্নেবর্ণিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয় ঃ-

আলোচ্যসূচী-১ঃ গত ০৩ ফেব্রুয়ারি, ২০১৪ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার কার্যবিবরণী পর্যালোচনা ও দৃঢ়করণ।
গৃহীত সিদ্ধান্ত ঃ গত ০৩ ফেব্রুয়ারি, ২০১৪ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার কার্যবিবরণী পর্যালোচনা ও নিশ্চিতকরণ করা হলো।

আলোচ্যসূচী-২ঃ জানুয়ারি, ২০১৪ মাসের রাজস্ব আদায়/বকেয়ার হালনাগাদ তথ্যাদি অবলোকন।
গৃহীত সিদ্ধান্ত ঃ জানুয়ারি, ২০১৪ মাসে গৃহকর বাবদ ১২,৩৮,৯৬৯.০০ টাকা এবং দোকান ভাড়া বাবদ ১৬,৬১,৯১৮.০০ টাকা আদায় হয়েছে। জানুয়ারি, ২০১৪ পর্যন্ত এ বছরের ক্রমপুঞ্জীভুত আদায় ৫,২৫,৮৫,৭৭৯.০০ টাকা যা মোট দাবীর ৭৭.৪৯%। আদায়ের হার সন্তোষজনক।

আলোচ্যসূচী-৩ঃ জানুয়ারি, ২০১৪ মাসের আয়-ব্যয়ের হিসাব বিবরণী অবলোকন।
গৃহীত সিদ্ধান্ত ঃ জানুয়ারি, ২০১৪ মাসের আয়-ব্যয়ের হিসাব বিবরণী অবলোকন করা হলো।

আলোচ্যসূচী-৪ঃ ফেব্রুয়ারি, ২০১৪ মাসের স্বাস্থ্য প্রতিবেদন অবলোকন।
গৃহীত সিদ্ধান্ত ঃ স্টেশন হেলথ অর্গানাইজেশন কর্তৃক উপস্থাপিত জানুয়ারি, ২০১৪ মাসের স্বাস্থ্য প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায় যে, সেনানিবাসের বিভিন্ন স্থানে বেশ কয়েকটি ম্যানহোলের ঢাকনা নেই, কিছু ম্যানহোল/ড্রেন ওভারফ্লো হচ্ছে এবং রজনীগন্ধা সুপার মার্কেটের বেশ কয়েকটি পয়েন্ট নোংরা। উপস্থাপিত প্রতিবেদন অনুযায়ী স্ব স্ব সংস্থা কর্তৃক প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হলো। ক্যান্টনমেন্ট বাজার এলাকায় মশার উপদ্রব বৃদ্ধি পাওয়ায় উক্ত এলাকার ড্রেন পরিষ্কারসহ মশার ব্রিডিং স্পটগুলো পরিষ্কার করার সিদ্ধান্ত গৃহীত হলো। এছাড়াও রজনীগন্ধা সুপার মার্কেটের মুরগী বাজারের জবাইখানা ও মাছ বাজারের ড্রেন পরিষ্কারসহ মাছ বাজারের পূর্ব ও পশ্চিম পার্শ্বের হকার উচ্ছেদ করার সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-৫ঃ ঢাকা সেনানিবাসস্থ নিম্নবর্ণিত প্লট/ফ্ল্যাট বিক্রয়/হস্তান্তরের অনুমতি ঃ-

| ক্রমিক নং | প্লট/ফ্ল্যাট নম্বর ও এলাকার নাম | বিক্রেতা/দাতা/আবেদনকারীর নাম ও ঠিকানা এবং আবেদনের তারিখ | ক্রেতা/গ্রহীতার নাম ও ঠিকানা | ডিজিএফআই এর ছাড়পত্র নম্বর ও তারিখ/ডিক্লারেশন অব হেবা | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১. | বাড়ী#১৬/এফ, রোড-২/এ, ফ্ল্যাট#সি/১ (২য় তলা উত্তর পার্শ্ব), ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | জনাব মোঃ ওসমান ফারুক, ব্যবস্থাপক, সামিট প্রপার্টিজ এন্ড কনস্ট্রাকশন কোং প্রাঃ লিঃ সামিট সেন্টার, ১৮ কাওরান বাজার বা/এ, ঢাকা। তাং- ১০/১০/২০১৩ | (ক) বেগম গুলশান আরা বেগম, স্বামী- মৃত নুরুদ্দিন আহম্মেদ চৌধুরী (খ) তাহসিন আহম্মেদ চৌধুরী, পিতা- মৃত নুরুদ্দিন আহম্মেদ চৌধুরী বাড়ী#১৬/এফ, রোড-২/এ, ফ্ল্যাট#সি/১ (২য় তলা উত্তর পার্শ্ব), ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | নং-২৩.০৫.৫০১.৩০০. ১০.০২৯.০১.১২.০১. ১৪, তাং-১২/১/২০১৪ ইং | ফ্ল্যাটের আয়তন- ১৩৬০ বঃ ফুঃ (নিচতলায় ১টি কার পার্কিং এবং আনুপাতিকহারে অবিভক্ত/অচিহ্নিত জমিসহ) বার্ষিক গৃহকর- ৯,০০০/- টাকা জুন, ২০১৩ পর্যন্ত পরিশোধিত অননুমোদিত নির্মাণ নেই । বরাদ্দের অতিরিক্ত জমি দখলে নেই। |
| ২. | বাড়ী#১৬/সি, রোড#২/এ, ফ্ল্যাট#২০২ (২য় তলা), ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | জনাব এম এন হুদা (মিসেস মনোয়ারা চৌধুরী গং এর নিযুক্তীয় আম-মোক্তার) ব্যবস্থাপনা পরিচালক, লুসিড ডেভলোপার লিঃ বাড়ী#২৩/বি, রোড#২/এ, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। তাং-২৮/৮/২০১২ ইং। | হাজী মোঃ শহীদ উল্লাহ পিতা- মরহুম মোঃ আব্দুল গণি, বাড়ী#১৬/সি, রোড-২/এ, ফ্ল্যাট#২০২ (২য় তলা), ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | নং-২৩.০৫.৫০১.৩০০. ১০.০২৯.০১.১২.০৯. ১৩, তাং-১২/৯/২০১৩ ইং | ফ্ল্যাটের আয়তন- ১৫০০ বঃ ফুঃ (নিচতলায় ১টি কার পার্কিং এবং আনুপাতিকহারে অবিভক্ত/অচিহ্নিত জমিসহ) বার্ষিক গৃহকর- ১১,২৫০/- টাকা জুন, ২০১৪ পর্যন্ত পরিশোধিত অননুমোদিত নির্মাণ নেই । বরাদ্দের অতিরিক্ত জমি দখলে নেই। |
| ৩. | বাড়ী#১৬/সি, রোড#২/এ, ফ্ল্যাট#৪০১ (৪র্থ তলা), ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | জনাব এম এন হুদা (মিসেস মনোয়ারা চৌধুরী গং এর নিযুক্তীয় আম-মোক্তার) ব্যবস্থাপনা পরিচালক, লুসিড ডেভলোপার লিঃ বাড়ী#২৩/বি, রোড#২/এ, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। তাং-২৭/৮/২০১২ ইং। | বেগম আয়েশা মোমিন, স্বামী- মোঃ নুরুল হুদা বাড়ী#১৬/সি, রোড#২/এ, ফ্ল্যাট#৪০১ (৪র্থ তলা), ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | নং-২৩.০৫.৫০১.৩০০. ১০.০২৯.০২.২৩.০৯. ১৩, তাং-২৩/৯/২০১৩ ইং | ফ্ল্যাটের আয়তন- ২০০০ বঃ ফুঃ (নিচতলায় ১টি কার পার্কিং এবং আনুপাতিকহারে অবিভক্ত/অচিহ্নিত জমিসহ) বার্ষিক গৃহকর- ১১,২৫০/- টাকা জুন, ২০১৪ পর্যন্ত পরিশোধিত অননুমোদিত নির্মাণ নেই । বরাদ্দের অতিরিক্ত জমি দখলে নেই। |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ৪. | বাড়ী#১৬/সি, রোড#২/এ, ফ্ল্যাট#৪০২ (৪র্থ তলা) এবং ফ্ল্যাট#৪০৩ (৪র্থ তলা) ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | জনাব এম এন হুদা (মিসেস মনোয়ারা চৌধুরী গং এর নিযুক্তীয় আম-মোক্তার) ব্যবস্থাপনা পরিচালক, লুসিড ডেভলোপার লিঃ বাড়ী#২৩/বি, রোড#২/এ, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। তাং-২৭/৮/২০১২ ইং। | জনাব মোঃ নুরুল হুদা পিতা- মরহুম নাদেরুজ্জামান বাড়ী#২৩/বি, রোড#২/এ, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | নং-২৩.০৫.৫০১.৩০০. ১০.০২৯.০১.২৩.০৯. ১৩, তাং-২৩/৯/২০১৩ ইং | ৪০২ নং ফ্ল্যাটের আয়তন- ১৫০০ বঃফুঃ ৪০৩ নং ফ্ল্যাটের আয়তন- ১৫২০ বঃ ফুঃ (নিচতলায় ২টি কার পার্কিং এবং আনুপাতিকহারে অবিভক্ত/অচিহ্নিত জমিসহ) বার্ষিক গৃহকর- ১১,২৫০/- X ২ = ২২,৫০০/- টাকা জুন, ২০১৪ পর্যন্ত পরিশোধিত অননুমোদিত নির্মাণ নেই । বরাদ্দের অতিরিক্ত জমি দখলে নেই। |
| ৫. | বাড়ী#১৬/সি, রোড#২/এ, ফ্ল্যাট#২০৩ (২য় তলা), ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | জনাব এম এন হুদা (মিসেস মনোয়ারা চৌধুরী গং এর নিযুক্তীয় আম-মোক্তার) ব্যবস্থাপনা পরিচালক, লুসিড ডেভলোপার লিঃ বাড়ী#২৩/বি, রোড#২/এ, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। তাং-১৭/৯/২০১২ ইং। | মিসেস সাবিহা আলম স্বামী- মেজর শাহ আলম চৌধুরী, বাড়ী#৯, ফ্ল্যাট #৪/সি, রোড#১, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | নং-২৩.০৫.৫০১.৩০০. ১০.০২৯.০১.১৮.০৯. ১৩, তাং-১৮/৯/২০১৩ ইং | ফ্ল্যাটের আয়তন- ১৫১৫ বঃ ফুঃ (নিচতলায় ১টি কার পার্কিং এবং আনুপাতিকহারে অবিভক্ত/অচিহ্নিত জমিসহ) বার্ষিক গৃহকর- ১১,২৫০/- টাকা জুন, ২০১৪ পর্যন্ত পরিশোধিত অননুমোদিত নির্মাণ নেই । বরাদ্দের অতিরিক্ত জমি দখলে নেই। |
| ৬. | বাড়ী#২৩/বি, রোড#২/এ, ফ্ল্যাট#২০১ (২য় তলা), ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | জনাব এম এন হুদা (মিসেস ফজিলাতের নাহার কর্তৃক নিযুক্তীয় আম-মোক্তার) বাড়ী#২৩/বি, রোড#২/এ, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। তাং-৩১/০১/২০১২ ইং। | জনাব মোঃ আব্দুল মতিন, পিতা- মরহুম হাজী সানাউল্লাহ, বাড়ী#৯৮, রোড#৪, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | নং-২৩.০৫.৫০১.৩০০. ১০.০২৯.০২.১৪.০৫. ১২, তাং-১৪/৫/২০১২ ইং | ফ্ল্যাটের আয়তন- ১৪০০ বঃ ফুঃ (নিচতলায় ১টি কার পার্কিং এবং আনুপাতিকহারে অবিভক্ত/অচিহ্নিত জমিসহ) বার্ষিক গৃহকর- ৯,০০০/- টাকা জুন, ২০১৪ পর্যন্ত পরিশোধিত অননুমোদিত নির্মাণ নেই । বরাদ্দের অতিরিক্ত জমি দখলে নেই। |
| ৭. | বাড়ী#৫৬, রোড-৭, ফ্ল্যাট#২/বি (২য় তলা পশ্চিম পার্শ্ব), ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | জনাব ইকবাল ইলিয়াছ সামী বাড়ী#৫৬, ফ্লাট#৭/বি, রোড#৭, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। তাং-২৯/১২/২০১৩ ইং। | জনাব মোহাম্মদ গিয়াস উদ্দিন, পিতা- মোহাম্মদ রুহুল আমিন, ২৭৯/১, রোড#১, শহীদ বদিউজ্জামান রোড, ঢাকা সেনানিবাস। | নং-২৩.০৫.৫০১.৩০০. ১০.০২৯.০৪.১২.০১. ১৪, তাং-০৯/২/২০১৪ ইং | ফ্ল্যাটের আয়তন- ২০৬০ বঃ ফুঃ (নিচতলায় ১টি কার পার্কিং এবং আনুপাতিকহারে অবিভক্ত/অচিহ্নিত জমিসহ) বার্ষিক গৃহকর- ১৩,০০০/- টাকা জুন, ২০১৪ পর্যন্ত পরিশোধিত অননুমোদিত নির্মাণ নেই । বরাদ্দের অতিরিক্ত জমি দখলে নেই। |

গৃহীত সিদ্ধান্ত ঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকার উপরোল্লিখিত ০৭(সাত) টি ফ্ল্যাট প্রস্তাবিত ক্রেতাগণের অনুকূলে বিক্রয়/ হস্তান্তরের অনুমতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-৬ঃ ঢাকা সেনানিবাসস্থ নিম্নবর্ণিত প্লট/ফ্ল্যাট নামজারী ঃ-

| ক্র/ নং | প্লট/ফ্ল্যাট নম্বর ও এলাকার নাম | বিক্রেতা/দাতার নাম ও ঠিকানা | গ্রহীতা/ক্রেতার নাম, ঠিকানা ও আবেদনের তারিখ | ডিজিএফআই এর ছাড়পত্র/ রেজিস্ট্রিকৃত হেবা দলিলমূলে | বিক্রয়/ হস্তান্তর অনুমতি পত্রের নং ও তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১. | বাড়ী#৩০/এফ ফ্ল্যাট#৪/১ (৪র্থ তলা উত্তর-পূর্ব পার্শ্ব) রোড#৪, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | জনাব মোহাম্মদ আজিজ খান সামটি প্রপার্টিজ এন্ড কনস্ট্রাকশন কোং প্রাঃ লিঃ সামিট সেন্টার, ১৮ কাওরান বাজার বা/এ, ঢাকা। | মিসেস সোনিয়া তানজীর, স্বামী- এ টি সানোয়ার কাদের বাড়ী#৩০/ এফ ফ্ল্যাট#৪/১ (৪র্থ তলা উত্তর-পূর্ব পার্শ্ব) রোড#৪, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। তাং- ০৬/১/২০১৪ | ১৩০০/৩০/ ১০/নিরাপত্তা/X তাং- ২৮/৭/২০০২ | ১৫/৯/২০০৪ তারিখের ঢাক্যাবো/ক্যাঃ বাঃএঃ/৩০/এ ফ/ফ্ল্যাট নং- ৪/১/৫ | ফ্ল্যাটের আয়তন-২২৭৫ বঃ ফুঃ (নিচতলায় ১টি কার পার্কিং এবং আনুপাতিকহারে অবিভক্ত/অচিহ্নিত জমিসহ) বার্ষিক গৃহকর- ১১,২৫০/- টাকা জুন, ২০১৪ পর্যন্ত পরিশোধিত অননুমোদিত নির্মাণ নেই । বরাদ্দের অতিরিক্ত জমি দখলে নেই। |
| ২. | বাড়ী#৬৫ ফ্ল্যাট#এ/৫ (৬ষ্ঠ তলা), রোড#৭, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | জনাব নাসিম ফেরদৌস পিতা- মরহুম এম এ মালেক বাড়ী#৬৫ রোড#৭, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | মিসেস লায়লা হোসেন, স্বামী- ডাঃ মোঃ জুলফিকার আলী, বাড়ী#৫৪/এ, রোড#৮, ক্যান্টনমেন্ট বা/এ, ঢাকা সেনানিবাস তাং- ১৫/১/২০১৪ | ১৩০০/১২০/ ৫৭/৫ তাং- ১৯/১/২০১১ | ০৭/২/২০১৩ তারিখের ঢাক্যাবো/ক্যাঃ বাঃএঃ/৬৫/ ফ্ল্যাট নং-এ- ৫(৬ষ্ঠ তলা)/২৮ | ফ্ল্যাটের আয়তন-২০৫০ বঃ ফুঃ (নিচতলায় ১টি কার পার্কিং এবং আনুপাতিকহারে অবিভক্ত/অচিহ্নিত জমিসহ) বার্ষিক গৃহকর- ১১,২৫০/- টাকা জুন, ২০১৩ পর্যন্ত পরিশোধিত অননুমোদিত নির্মাণ নেই । বরাদ্দের অতিরিক্ত জমি দখলে নেই। |
| ৩. | বাড়ী#৬৯ ফ্ল্যাট#৪০২ (৪র্থ তলা দক্ষিণ পার্শ্ব), রোড#৭, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | সৈয়দ শফিউর রশিদ, পিতা- মরহুম সৈয়দ হারুন অর রশিদ বাড়ী#৬৯, রোড#৭, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | মিসেস কুদসিয়া বেগম, স্বামী- ডাঃ সৈয়দ আবদুল হক, বাড়ী#৬৯ ফ্ল্যাট#৪০২ (৪র্থ তলা দক্ষিণ পার্শ্ব), রোড#৭, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। তাং-১৪/৫/২০১৩ | ১৩০০/১২০/ ৫৭/৫ তাং- ০৪/৫/২০০৯ | ০৭/৬/২০০৯ তারিখের ঢাক্যাবো/ক্যাঃ বাঃএঃ/প্লট নং- ৬৯/ ফ্ল্যাট নং- ৪০২/৮ | ফ্ল্যাটের আয়তন-১৯৫০ বঃ ফুঃ (নিচতলায় ১টি কার পার্কিং এবং আনুপাতিকহারে অবিভক্ত/অচিহ্নিত জমিসহ) বার্ষিক গৃহকর- ১১,২৫০/- টাকা জুন, ২০১৪ পর্যন্ত পরিশোধিত অননুমোদিত নির্মাণ নেই । বরাদ্দের অতিরিক্ত জমি দখলে নেই। |

গৃহীত সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে ক্যান্টনমেন্ট বাজার এলাকার উপরোল্লিখিত ০৩(তিন)টি ফ্ল্যাট রেজিস্ট্রিকৃত ক্রেতাগণের নামে নামজারী/রেকর্ড সংশোধনের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-৭ঃ গত ০৩ ডিসেম্বর, ২০১৩ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যসূচী-৬ এর সিদ্ধান্তের অনুবৃত্তিক্রমে ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৬৭/এ নং প্লটে নির্মিত বাড়ীর ফ্ল্যাট ক্রেতাগণের অনুকূলে ফ্ল্যাট রেজিস্ট্রি করে দেয়াসহ বিনা অনুমতিতে যাতে ৬ষ্ঠ তলার উপর ৭ম তলা নির্মাণ করা না হয় সে বিষয়ে প্লট মালিককে পত্র প্রদান করা হলে তিনি গত ১৯/১/২০১৪ তারিখে ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসারকে আইনজীবীর মাধ্যমে লিগ্যাল নোটিশ প্রদান করেন। এতদ্বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর বিস্তারিত আলোচনান্তে ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৬৭/এ নং প্লটে নির্মিত বাড়ীর ফ্ল্যাট ক্রেতা/বিক্রেতার ক্রয়/বিক্রয় সংক্রান্ত বিষয়ের সাথে ক্যান্টনমেন্ট বোর্ডের ইজারা সংক্রান্ত বিধি বিধানের আলোকে আইনগত মতামতের ভিত্তিতে ব্যবস্থা নেয়ার সিদ্ধান্ত গৃহীত হলো। একই সাথে উক্ত বাড়ীতে বোর্ডের বিনানুমতিতে যাতে ৬ষ্ঠ তলার উপর কোন নির্মাণ কাজ না করা হয় সে বিষয়ে প্লট মালিককে সতর্ক করে পত্র প্রদান করা হোক।

আলোচ্যসূচী-৮ঃ গত ০৩ ফেব্রুয়ারি, ২০১৪ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যসূচী-১৭ এর সিদ্ধান্তের অনুবৃত্তিক্রমে রজনীগন্ধা সুপার মার্কেটস্থিত ০৫ (পাঁচ) বছর মেয়াদী টিনসেড ৩০(ত্রিশ)টি এবং কর্মকার ১৫(পনের)টি দোকানের মেয়াদ উত্তীর্ণের প্রেক্ষিতে পুনঃবরাদ্দের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর বিস্তারিত দোকানগুলো প্রস্তাবিত সুপার মার্কেটের ১ম ধাপের নির্মাণস্থলে পড়বে কিনা সে বিষয়ে সরেজমিনে পরিদর্শন করে প্রতিবেদন প্রদানের জন্য নিম্নবর্ণিতভাবে কমিটি গঠন করা হলো ঃ-

| | | | |
|---|---|---|---|
| (১) | মেজর মোঃ আশরাফ হোসেন চৌধুরী<br>এসএসও, স্টেশন সদর দপ্তর, ঢাকা সেনানিবাস। | -- | সভাপতি |
| (২) | মোঃ আলম খান, নির্বাহী প্রকৌশলী, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | -- | সদস্য |
| (৩) | মোঃ মতিউর রহমান, রেভিনিউ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | -- | সদস্য |

আলোচ্যসূচী-৯ঃ রজনীগন্ধা সুপার মার্কেটের সি-১৬৪ নং দোকান খোলার বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, রজনীগন্ধা সুপার মার্কেটের সি-১৬৪ নং দোকানটি ক্রয় সূত্রে মালিক জনাব মোঃ শফিকুল ইসলাম। স্টেশন সদর দপ্তর, ঢাকা সেনানিবাসের ৩১/১২/২০১৩ তারিখের ৬০৪/১/এ নং পত্রে অভিযোগ পাওয়া গিয়েছে যে, জনাব মোঃ শফিকুল ইসলাম সেনাকর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে এশিয়ান টেক্সটাইল মিলস লিমিটেড, ফতুল্লা, নারায়নগঞ্জ এর মার্কেটিং অফিসার জনাব মোঃ আরিফ এর নিকট হতে ৫০০ মিটার বাংলাদেশ সেনাবাহিনীর কম্ব্যাট কাপড় এবং ২৪০ মিটার ওয়ার্কিং ড্রেসের প্যান্টের কাপড় ক্রয় করে রজনীগন্ধা সুপার মার্কেটের আলাউদ্দিন ক্যাপ হাউজে ক্যাম্প এবং ফিল্ড র‍্যাংক তৈরী করে যা ১৩ এমপি দল কর্তৃক ধৃত হয়। এ অবস্থার প্রেক্ষিতে উক্ত দোকানটি ১৩/১/২০১৩ তারিখে ব্যবসায়ীর তালা দ্বারা বন্ধ করে বন্ধকৃত তালার উপর ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক সীলগালা করা হয় এবং অত্র দপ্তরের ১৬/১/২০১৪ তারিখের ঢাক্যাবো/রঃগঃসুঃমাঃ/সি-১৬৪/৪০ নং পত্রে এহেন কার্যকলাপের দায়ে দোকান বরাদ্দ বাতিল এবং তার দোকানের নামে প্রদানকৃত ট্রেড লাইসেন্স কেন বাতিল করা হবে না তার কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয়। তৎপ্রেক্ষিতে উক্ত দোকানের মালিক জনাব মোঃ শফিকুল ইসলাম ভবিষ্যতে তার দ্বারা এই ধরনের কার্যকলাপ আর সংঘটিত হবে না এবং তিনি এহেন কার্যকলাপের জন্য ক্ষমা প্রার্থনা করে অঙ্গীকারনামা প্রদান করেছেন। বিস্তারিত আলোচনান্তে ভবিষ্যতে যাতে এ ধরনের কার্যকলাপ থেকে বিরত থাকেন সে মর্মে নন-জুডিশিয়াল স্ট্যাম্পে হলফনামা গ্রহণপূর্বক দোকান মালিক-কে দোকানটি খুলে দেয়ার সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-১০ঃ মিরপুর ডিওএইচএস অফিস কাম শপিং কমপ্লেক্স এর ১ম তলার ২০ নং দোকান হস্তান্তরের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর আলোচনান্তে মিরপুর ডিওএইচএস এর অফিস কাম শপিং কমপ্লেক্সের ১ম তলার ২০ নং দোকানটি কর্ণেল মোঃ ইকবাল হাসান, পিতা-ডাঃ মোঃ আবুল হোসেন এর নিকট ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা হস্তান্তর ফি ও ১০,০০০/- (দশ হাজার) টাকা নামজারী ফি পরিশোধ সাপেক্ষে হস্তান্তরের অনুমতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। উল্লেখ্য যে, দোকান হস্তান্তরের পূর্বে হালনাগাদ কিস্তি পরিশোধ করতে হবে।

আলোচ্যসূচী-১১ঃ মিরপুর ডিওএইচএস এর ১০৮৬ নং প্লটে বাড়ী নির্মাণ কাজে নিয়োজিত ডেভলোপার প্রতিষ্ঠান জেন ডেভলোপমন্টেস লিঃ এর সাথে চুক্তিপত্র বাতিল করার কারণে উক্ত প্লটের বিপরীতে জমাকৃত নিরাপত্তা জামানত ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা ফেরত প্রদানের বিষয়ে জেন ডেভলোপমন্টেস লিঃ এর ব্যবস্থাপনা পরিচালক ব্রিগেঃ জেনাঃ বদরুল মিল্লাত ভূঁইয়া এর ১৮ ডিসেম্বর, ২০১৩ তারিখের আবেদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ মিরপুর ডিওএইচএস এর ১০৮৬ নং প্লটে বাড়ী নির্মাণ কাজে নিয়োজিত ডেভলোপার প্রতিষ্ঠান জেন ডেভলোপমন্টেস লিঃ এর সাথে প্লট মালিকের চুক্তিপত্র বাতিল হওয়ায় এবং মালিক কর্তৃক অনাপত্তি প্রদান করায় ক্যান্টনমেন্ট বোর্ডে জমাকৃত ১,০০,০০০/- (এক লক্ষ) টাকার নিরাপত্তা জামানত ফেরত প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-১২ঃ মিরপুর ডিওএইচএস এর ৮১০ নং প্লটে বাড়ী নির্মাণ কাজে নিয়োজিত ডেভলোপার প্রতিষ্ঠান ম্যাক্সওয়েল ইঞ্জিনিয়ার্স এন্ড আর্কিটেক্ট এর সাথে চুক্তিপত্র বাতিল করার কারণে উক্ত প্লটের বিপরীতে জমাকৃত নিরাপত্তা জামানত ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা ফেরত প্রদানের বিষয়ে ম্যাক্সওয়েল ইঞ্জিনিয়ার্স এন্ড আর্কিটেক্ট এর স্বত্ত্বাধিকারী জনাব মোঃ সাহাব উদ্দিন এর ০২ ফেব্রুয়ারি, ২০১৪ তারিখের আবেদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ মিরপুর ডিওএইচএস এর ৮১০ নং প্লটে বাড়ী নির্মাণ কাজে নিয়োজিত ডেভলোপার প্রতিষ্ঠান ম্যাক্সওয়েল ইঞ্জিনিয়ার্স এন্ড আর্কিটেক্ট এর সাথে প্লট মালিকের চুক্তিপত্র বাতিল হওয়ায় এবং মালিক কর্তৃক অনাপত্তি ছাড়পত্র প্রদান করায় প্রকৌশল শাখার মতামত গ্রহণ সাপেক্ষে ক্যান্টনমেন্ট বোর্ডে জমাকৃত ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা নিরাপত্তা জামানত ফেরত প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-১৩ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ১০০০টি ট্রেড লাইসেন্স বহি ছাপানোর নিমিত্তে বিসমিল্লাহ অফসেট প্রিন্টিং প্রেস, পার্ক-৪৬, রজনীগন্ধা সুপার মার্কেট, ঢাকা সেনানিবাস কর্তৃক দাখিলকৃত সর্বনিম্ন ৫০,০০০/- দর অনুমোদনসহ ব্যয়ের ঘটনোত্তর অনুমোদন প্রদানের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ১০০০টি ট্রেড লাইসেন্স বহি ছাপানোর নিমিত্তে বিসমিল্লাহ অফসেট প্রিন্টিং প্রেস, পার্ক-৪৬, রজনীগন্ধা সুপার মার্কেট, ঢাকা সেনানিবাস কর্তৃক দাখিলকৃত সর্বনিম্ন ৫০,০০০/- দর অনুমোদনসহ ব্যয়ের ঘটনোত্তর অনুমোদন প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। উক্ত কাজের যাবতীয় ব্যয় রাজস্ব শাখার নৈমিত্তিক খাত হতে সংকুলান করতে হবে।

আলোচ্যসূচী-১৪ঃ ক্যান্টনমেন্ট বোর্ডের মালিকানাধীন বিভিন্ন মার্কেটের দোকান/বাণিজ্যিক স্পেস হেবা/দানসূত্রে হস্তান্তর ফি পুনঃনির্ধারণের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ক্যান্টনমেন্ট বোর্ডের মালিকানাধীন বিভিন্ন মার্কেটের দোকান/বাণিজ্যিক স্পেস বিক্রয়/হস্তান্তরের ক্ষেত্রে ২০/৪/২০০৯ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যসূচী-১৩ এর সিদ্ধান্ত মোতাবেক হস্তান্তর অনুমতি ফি ১,০০,০০০/-(এক লক্ষ) টাকা ও হেবা/দান/উত্তরাধিকারীর ক্ষেত্রে ২৫,০০০/-(পঁচিশ হাজার) টাকা ধার্য করা হয়েছিল। উক্ত দোকানসমূহ নামজারীর ক্ষেত্রে যথাক্রমে ১০,০০০/- টাকা ও ৫,০০০/-টাকা ক্যান্টনমেন্ট বোর্ডে জমা করার বিধান রয়েছে। পরবর্তীতে ৩১/৩/২০১৩ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যসূচী-৯ এর সিদ্ধান্ত মোতাবেক রজনীগন্ধা সুপার মার্কেটে দোকান বিক্রয়/হস্তান্তরের ক্ষেত্রে ক্যান্টনমেন্ট বোর্ডকে প্রদেয় হস্তান্তর ফি ১,০০,০০০/-(এক লক্ষ) টাকা হতে বৃদ্ধি করে ২,০০,০০০/-(দুই লক্ষ) টাকা ধার্য করা হয়। কিন্তু হেবা/দান/উত্তরাধিকারীর ক্ষেত্রে হস্তান্তর ফি পূর্বের ধার্যকৃত হারেই রয়েছে। বিষয়টির উপর বিস্তারিত আলোচনান্তে ক্যান্টনমেন্ট বোর্ডের মালিকানাধীন মার্কেট/বাণিজ্যিক স্থাপনার দোকান/স্পেস উত্তরাধিকারীর নিকট হেবা/দান করার ক্ষেত্রে হস্তান্তর ফি ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা নির্ধারণ করার সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-১৫ঃ রজনীগন্ধা সুপার মার্কেটের এ-১২৯ নং দোকানের মালিকানার বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর বিস্তারিত আলোচনান্তে আর্মি কোটায় বরাদ্দকৃত রজনীগন্ধা সুপার মার্কেটস্থ এ-১২৯ নং দোকানটি জরুরী ভিত্তিতে বোর্ডের দখলে আনাসহ উভয় পক্ষের কাগজপত্রাদি যাচাইপূর্বক মালিকানা নিশ্চিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-১৬ঃ মহাখালী ডিওএইচএস এলাকার বি-১৩৩ নং বাড়ীর ঠিকানায় ট্রেড লাইসেন্স প্রদানের বিষয়ে উক্ত বাড়ীর মালিক মেজর মিরজা সামসুল ওয়াজেদ (অবঃ) এর ৩০ জানুয়ারি, ২০১৪ তারিখের আবেদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ উক্ত বাড়ীর মালিকানা সংক্রান্ত বিষয়ে বিজ্ঞ আদালতে মামলা বিচারাধীন থাকায় আপাততঃ ট্রেড লাইসেন্স প্রদানের আবেদনটি বিবেচনা করা গেল না।

আলোচ্যসূচী-১৭ঃ রজনীগন্ধা সুপার মার্কেটে আগত মালবাহী পিক-আপ ও ট্রাক থেকে টোল আদায় করার অনুমতি চেয়ে জনাব মোঃ রতন সিকদার এর ২৪/১২/২০১৩ তারিখের আবেদন এবং জনাব শাহ মানিক এর ১৮/০২/২০১৪ তারিখের আবেদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর বিস্তারিত আলোচনান্তে রজনীগন্ধা সুপার মার্কেটে মালবাহী পিক-আপ ও ট্রাকের পার্কিং স্থান নির্ধারণ করে উন্মুক্ত দরপত্রের মাধ্যমে পার্কিং ইজারা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-১৮ঃ আর্মি স্টাটিক সিগন্যাল হতে দাপ্তরিক কাজের জন্য প্রাপ্ত ০৫টি কর্পোরেট মোবাইল সিম ব্যবহার সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের দাপ্তরিক কোন মোবাইল ফোন ও নম্বর নেই। আর্মি স্ট্যাটিক সিগন্যাল ব্যাটালিয়ন হতে প্রাপ্ত কর্পোরেট সিমগুলোর মধ্যে ০১টি ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার, ০১টি নির্বাহী প্রকৌশলী ও ০১টি কঞ্জারভেন্সী অফিসার এর দাপ্তরিক নম্বর হিসেবে ব্যবহারের সিদ্ধান্ত গৃহীত হলো। উক্ত দাপ্তরিক নম্বরগুলোর মাসিক বিল ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসারের জন্য মাসিক ৬০০/- (ছয় শত) টাকা এবং অন্যান্যদের মাসিক ৪০০/- (চার শত) টাকা হারে ক্যান্টনমেন্ট বোর্ড হতে প্রদানসহ প্রতিটি ৭,০০০/- (সাত হাজার) টাকা করে ০৩টি মোবাইল ফোন সেট ক্রয়ের সিদ্ধান্ত গৃহীত হলো। দাপ্তরিক মোবাইল ফোন নম্বরসমূহ সংশ্লিষ্ট সকল দপ্তর/সংস্থাকে অবহিত করা হোক।

আলোচ্যসূচী-১৯ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ৪টি শাখার দায়িত্বে নিয়োজিত সহকারী সচিব, রাজস্ব কর্মকর্তা, হিসাব রক্ষণ কর্মকর্তা, কঞ্জারভেন্সী অফিসার ও সমপদমর্যাদার অন্যান্য পদের কর্মকর্তাদের পদ মর্যাদা ২য় শ্রেণী হতে ১ম শ্রেণীতে উন্নীত করণ।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর আলোচনায় জানা যায় যে, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের কর্ম পরিধি পূর্বের তুলনায় বহুগুন বৃদ্ধি পেয়েছে। বোর্ড নিয়ন্ত্রিত ৬ টি শিক্ষা প্রতিষ্ঠান, ১০০ শয্যার হাসপাতাল, ৪টি ডিওএইচএস এর দৈনন্দিন যাবতীয় কাজকর্ম ও সেনানিবাসের অভ্যন্তরের বিভিন্ন সামরিক/বেসামরিক দপ্তর, অধিদপ্তর, নির্বাচন কমিশনসহ বিভিন্ন মন্ত্রণালয় এর কাজকর্ম ও যোগাযোগ অত্র দপ্তরের শাখা প্রধানদের সমন্বয়ে সম্পন্ন হয়ে থাকে। সম্প্রতি সরকার কর্তৃক সামরিক বাহিনী, পুলিশসহ বেসামরিক বিভিন্ন প্রতিষ্ঠানের ২য় শ্রেণীর কর্মকর্তাদের ১ম শ্রেণীর পদ মর্যাদায় উন্নীত করা হয়েছে। কিন্ত ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের শাখা প্রধানদের প্রায় ৪০ বৎসর পূর্বের প্রদত্ত পদ মর্যাদার কোন পরিবর্তন না হওয়ায় বিভিন্ন ক্ষেত্রে দাপ্তরিক কাজ কর্মের গতিশীলতা বাধা প্রাপ্ত হচ্ছে। বিস্তারিত আলোচনান্তে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের সহকারী সচিব, রাজস্ব কর্মকর্তা, হিসাব রক্ষণ কর্মকর্তা ও কঞ্জারভেন্সী অফিসারসহ সমপদমর্যাদার অন্যান্য পদের কর্মকর্তাদের পদ মর্যাদা ২য় শ্রেণী হতে ১ম শ্রেণীতে উন্নীত করার সিদ্ধান্ত গৃহীত হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

আলোচ্যসূচী-২০ঃ রিভারভিউ ক্যান্টনমেন্ট বোর্ড স্কুলের জন্য পরিচালনা পর্ষদ গঠনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ২০০১ সালের ১৯ জুন তারিখে পোস্তগুলা সেনানিবাসে সামরিক "এ" শ্রেণীর জমির উপর .২২ একর জমির উপর রিভারভিউ ক্যান্টনমেন্ট বোর্ড বিদ্যালয়টি চালু হয়। উক্ত বিদ্যালয় টি বর্তমানে প্রাইমারী স্কুল হিসাবে কার্যক্রম পরিচালনা করে আসছে। বিদ্যালয়টির নিজস্ব জমি না থাকায় বিদ্যালয়ের রেজিষ্ট্রেশন সম্পন্ন হয়নি এবং বিদ্যালয়টির নিজস্ব ভবনও নেই। বিদ্যালয়ের রেজিষ্ট্রেশন না থাকায় এর কোন গভার্নিং বডি নেই। সেনা সদর জিএস শাখা শিক্ষা পরিদপ্তর, ঢাকা সেনানিবাসের ২০/৩/২০১৩ তারিখের ২৩.০১.৯০১.০৩৫.০২.০৩৭.০২.০১.০৩.১২ নং পত্র, সদর দপ্তর লজিস্টিকস এরিয়া (শিক্ষা শাখা) এর ১৮/৭/২০১৩ তারিখের পত্র, ১৯২৪ সালের ক্যান্টনমেন্ট এ্যাক্ট এবং প্রধান শিক্ষক, রিভারভিউ ক্যান্টনমেন্ট বোর্ড স্কুলের ২৩/০১/২০১৪ তারিখের পত্র মোতাবেক নিম্নবর্ণিতভাবে রিভার ভিউ ক্যান্টনমেন্ট বোর্ড স্কুলের গভার্নিং বডি অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো ঃ-

(১) লে. কর্ণেল মোঃ হাবিবুল হক, পিএসসি - সভাপতি
অধিনায়ক, ৫ আর ই ব্যাটালিয়ন, পোস্তগুলা সেনানিবাস, ঢাকা

(২) জিএসও-২(ইন্ট) - সদস্য
সদর দপ্তর লজিস্টিক এরিয়া, ঢাকা সেনানিবাস

(৩) জনাব আবুল হোসেন, শিক্ষক প্রতিনিধি - সদস্য
জুনিয়র শিক্ষক, রিভারভিউ ক্যান্ট বোর্ড, স্কুল

(৪) নাজমা বেগম, শিক্ষক প্রতিনিধি - সদস্য
জুনিয়র শিক্ষক, রিভারভিউ ক্যান্ট বোর্ড, স্কুল

(৫) ফাতিমা খানম, অভিভাবক - সদস্য

(৬) মোঃ হানিফ হোসেন, অভিভাবক - সদস্য

(৭) মোঃ কামরান, প্রধান শিক্ষক - সদস্য

(৯) মোঃ রেজাউল ইসলাম - সদস্য-সচিব
ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্ট, ঢাকা

আলোচ্যসূচী-২১ঃ আদর্শ বিদ্যানিকেতন, মানিকদী স্কুলের ৯ম ও ১০ম শ্রেণীতে ছেলেদের ও মেয়েদের শাখায় ১টি করে মোট ৪টি নতুন শাখা খোলা প্রসংগে।

গৃহীত সিদ্ধান্ত ঃ আদর্শ বিদ্যানিকেতন, মানিকদী স্কুলে নতুন ৪টি শাখা খোলা হলে বর্তমান অবকাঠামোতে স্থান সংকুলান হবে কিনা এবং শিক্ষক এর নতুন পদ সৃষ্টির জন্য ক্যান্টনমেন্ট বোর্ডকে কি পরিমাণ ভর্তুকি প্রদান করতে হবে, সামগ্রিক বিষয়ের আলোকে পূর্ণাঙ্গ প্রস্তাব পরবর্তীতে উপস্থান করার সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-২২ঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকার ১১ নং রোডের ডাস্টবিন মেরামত কাজের ১৪,২৩৩/- (চৌদ্দ হাজার দুইশত তেত্রিশ) টাকার মূল্যানুমান অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ সাধারণ কঞ্জারভেন্সী খাত হতে ব্যয় নির্বাহ সাপেক্ষে ক্যান্টনমেন্ট বাজার এলাকার ১১ নং রোডের ডাস্টবিন মেরামত কাজের ১৪,২৩৩/- (চৌদ্দ হাজার দুইশত তেত্রিশ) টাকার মূল্যানুমান অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। দরপত্র আহ্বান করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হোক।

আলোচ্যসূচী-২৩ঃ রজনীগন্ধা অফিসার্স কোয়ার্টার এলাকার মাঠের দক্ষিণ পার্শ্বের ডাস্টবিন নির্মাণ কাজের জন্য ৭৫,২৭৯/- (পঁচাত্তর হাজার দুইশত উনআশি) টাকার মূল্যানুমান অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ আর্মি কঞ্জারভেন্সী খাত হতে ব্যয় নির্বাহ সাপেক্ষে রজনীগন্ধা অফিসার্স কোয়ার্টার এলাকার মাঠের দক্ষিণ পার্শ্বের ডাস্টবিন নির্মাণ কাজের জন্য ৭৫,২৭৯/- (পঁচাত্তর হাজার দুইশত ঊনআশি) টাকার মূল্যানুমান অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। ব্যয় বরাদ্দের জন্য স্টেশন সদর দপ্তর, ঢাকা সেনানিবাসে পত্র প্রেরণসহ দরপত্র আহ্বান করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হোক।

আলোচ্যসূচী-২৪ঃ ঢাকা সেনানিবাসস্থ ডিওএইচএস বনানী, মহাখালী, বারিধারা, মিরপুর ও সেনানিবাস বর্ধিত এলাকায় বাড়ী নির্মাণের নিমিত্তে নিম্নোক্ত নকশাসমূহ অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত ঃ-

| ক্র/নং | প্লট মালিকের নাম | প্লট নম্বর | ঠিকানা | এমইও'র ছাড়পত্রের তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১. | এয়ার কমডোর কাজী দেলোয়ার হোসেন | ৮২৬ | মিরপুর ডিওএইচএস | | নতুন ০৭ তলা ভবন |
| ২. | গ্রুপ ক্যাপ্টেন এ টি এম জহিরুল হাসনাত (অবঃ) | ৮৩৩ | মিরপুর ডিওএইচএস | | নতুন ০৭ তলা ভবন |
| ৩. | লেঃ কর্ণেল (অবঃ) এস এম শামীম | ৮৭৪ | মিরপুর ডিওএইচএস | | নতুন ০৭ তলা ভবন |
| ৪. | মেজর জেনাঃ মোঃ আব্দুল কাদির | ৮৮৪ | মিরপুর ডিওএইচএস | | সংশোধিত ০৭ তলা ভবন (আভ্যন্তরীন পরিবর্তন) |
| ৫. | ব্রিগেঃ জেনাঃ সাইফুল ইসলাম | ৯৪৭ | মিরপুর ডিওএইচএস | | নতুন ০৭ তলা ভবন |
| ৬. | ক্যাপ্টেন মোঃ কুতুব উদ্দিন বখতিয়ার, পিএসসি, বিএন | ৯৫৬ | মিরপুর ডিওএইচএস | | নতুন ০৭ তলা ভবন |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ৭. | ব্রিগেঃ জেনাঃ জাফর উল্লা খান, এনডিসি, পিএসসি | ১০৩৭ | মিরপুর ডিওএইচএস | | নতুন ০৭ তলা ভবন |
| ৮. | লেঃ কর্ণেল ফেরদৌস-উস-সালেহা (অবঃ) | ১২৬৫ | মিরপুর ডিওএইচএস | | নতুন ০৭ তলা ভবন |
| ৯. | লেঃ কর্ণেল মোঃ ফরিদ আলম | ১২৬৯ | মিরপুর ডিওএইচএস | | নতুন ০৭ তলা ভবন |
| ১০. | ব্রিগেঃ জেনাঃ মোঃ আব্দুস ছোবহান সাদেক | ১২৯৬ | মিরপুর ডিওএইচএস | | নতুন ০৭ তলা ভবন |
| ১১. | মিসেস সেতারা হেদায়েত | ২৩২ | মহাখালী ডিওএইচএস | | বেজমেন্ট ও নতুন ০৭ তলা ভবন |
| ১২. | লেঃ কর্ণেল এম সাইদউল হক, পিএসসি (অবঃ) | ৩৬৬/১ | বারিধারা ডিওএইচএস | | সংশোধিত ০৬ তলা আভ্যন্তরীন পরিবর্তন। শুধুমাত্র ৫ম তলাকে ০২ ইউনিট করা হয়েছে। |
| ১৩. | মোঃ মোস্তফা কামাল . | সিবি-৭৭/২, সিএস দাগ নং-১৩৫/৬৭৩ (অংশ) | কচুক্ষেত পুরাতন বাজার, মৌজা-লালাসরাই | | সংশোধিত ০৬ তলা (বিদ্যমান ০৩ তলার উপর ৪র্থ, ৫ম ও ৬ষ্ঠ তলা নির্মাণ) অনুমোদিত নকশায় ০৬ তলা ফাউন্ডেশন আছে |

গৃহীত সিদ্ধান্ত ঃ নকশাগুলো অত্র দপ্তরের প্রকৌশলী কর্তৃক যাচাই করা হয়েছে। ক্যান্টনমেন্ট বিল্ডিং বাই-লজ অনুযায়ী Set back ঠিক আছে। স্ট্রাকচারাল ডিজাইনের ব্যাপারে ডিজাইন ইঞ্জিনিয়ার প্রত্যয়ন দিয়েছেন। বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত সমূহ গৃহীত হলো ঃ-

(ক) Land point of view-তে ডিওএইচএস এলাকার জন্য এমইও, কেন্দ্রীয় সার্কেল এবং অন্যান্য ক্ষেত্রে বোর্ডের রাজস্ব শাখার ছাড়পত্র প্রাপ্তি সাপেক্ষে ক্রমিক নং-১ হতে ১০ এ বর্ণিত মিরপুর ডিওএইচএস এর ১০টি প্লট, ক্রমিক নং-১১ এ বর্ণিত বর্ণিত মহাখালী ডিওএইচএস এর ১টি প্লট, ক্রমিক নং-১২ এ বর্ণিত বারিধারা ডিওএইচএস এর ০১টি প্লটসহ মোট ১২টি প্লটে ০৫(পাঁচ)/০৬(ছয়)/০৭(সাত) তলা নতুন ভবন নির্মাণ/আভ্যন্তরীন পরিবর্তনের নকশা অনুমোদন করা হলো।

(খ) ক্রমিক নং-১৩ এ উল্লেখিত কচুক্ষেত পুরান বাজার এলাকার সিবি-৭৭/২ নং প্লটে ০৬(ছয়) তলা ফাউন্ডেশনসহ ইতোপূর্বে নকশা অনুমোদিত থাকায় ভার্টিক্যাল এক্সটেনশনের সংশোধিত নকশা অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো।

উল্লেখ্য যে, প্রযোজ্য সকল ক্ষেত্রে যথারীতি রাস্তার ক্ষতিপূরণ পরিশোধ করতে হবে এবং নির্মাণকারী প্রতিষ্ঠান কর্তৃক বাড়ী নির্মিত হলে ক্যান্টনমেন্ট বোর্ডের তালিকাভুক্তিসহ জামানতের টাকা পরিশোধ করতে হবে।

আলোচ্যসূচী-২৫ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত কাজের মূল্যানুমান অনুমোদন প্রসংগে ঃ-

| ক্রমিক নং | কাজের নাম | মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস্, ২০১২ অনুযায়ী (টাকা) | ব্যয়ের খাত |
|---|---|---|---|
| ১. | ঢাকা সেনানিবাসের আর্মি এমপি ইউনিট এবং ১৩ এমপি ইউনিটের নিয়ন্ত্রণাধীন শহীদ সরণির রোড ডিভাইডারসমূহ আটকানোর জন্য রশি এবং নিয়মাবলী সম্বলিত সাইনবোর্ডগুলো রং করার জন্য রং ক্রয়করণ কাজ। | ৯২,৫০০/- | জনসাধারণের উন্নয়নমূলক খাত |
| ২. | ঢাকা সেনানিবাসের মোস্তফা কামাল লাইন ও তৎসংলগ্ন আবাসিক এলাকায় সাংস্কৃতিক বিনোদন কেন্দ্র এবং শিশুদের খেলার জন্য শিশুপার্ক স্থাপন কাজ। | ৬৬,৮০,০১৪/- | অনুদান/বোর্ডের স্থানীয় আয় |
| ৩. | ঢাকা সেনানিবাসে জরুরী ভিত্তিতে আর্মি এমপি ইউনিটের চাহিদা অনুযায়ী প্লাষ্টিক রোড ডিভাইডার, হানিকম্ব টেপ, সিমেন্টের রিং ব্লক, গতিসীমা ৪০/৫০ লিমিট মার্কিং, সাইনবোর্ড নির্মাণ, মেরামতসহ ও আনুষংগিক কাজ। | ৬,১৯,৭৯২/- | বোর্ডের স্থানীয় আয় |
| ৪. | ঢাকা সেনানিবাসের মান্নান লাইন এলাকায় বাসস্থান নং-১০৭, ১০৮, ১০৯, ১১০ এর সামনে শিশুদের বিনোদনের জন্য খেলনা সামগ্রী স্থাপন কাজ। | ১,১০,৭৬৩/- | জনসাধারণের উন্নয়নমূলক খাত |
| ৫. | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৪ নং রোডের স্টাফ কোয়ার্টার নং-৯৭/এ এর পুরাতন পানির লাইন পরিবর্তন করে নতুন পানির লাইন সরবরাহ ও স্থাপন কাজ। | ৪২,০৭৪/- | মেরামত ও রক্ষনাবেক্ষণ |
| ৬. | ক্যান্টনমেন্ট বোর্ড জামে মসজিদের এসির পুরাতন তার পরিবর্তন করে নতুন তার দ্বারা ওয়ারিংকরণ কাজ। | ১,৬১,৯৭১/- | বোর্ডের স্থানীয় আয় |
| ৭. | ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ২ ও ৪ নং পানির পাম্পে ট্রান্সফরমারের নিরাপত্তা গ্রীল স্থাপন এবং পাম্প হাউজ মেরামত কাজ। | ১,৩৩,২৯৫/- | বোর্ডের স্থানীয় আয় |
| ৮. | মিরপুর ডিওএইচএস এর বিভিন্ন রাস্তার স্পীড ব্রেকার রংকরণ কাজ। | ১,৩৯,৬৩৩/- | সংশ্লিষ্ট ডিওএইচএস উন্নয়ন তহবিল |
| ৯. | মিরপুর ডিওএইচএস এর ৩৮ ও ৩৯ নং রাস্তার উচ্চতা বৃদ্ধিসহ ইটের সলিংকরণ কাজ। | ৩৭,৪১,৭৫৩/- | সংশ্লিষ্ট ডিওএইচএস উন্নয়ন তহবিল |
| ১০. | মিরপুর ডিওএইচএস এর ৩৮/বি ও ৩৮/সি নং রাস্তার উচ্চতা বৃদ্ধিসহ ইটের সলিংকরণ কাজ। | ১৬,৫৯,২৩৯/- | সংশ্লিষ্ট ডিওএইচএস উন্নয়ন তহবিল |
| ১১. | মিরপুর ডিওএইচএস এর ৩য় ধাপের ৬০-০ চওড়া রোডের উত্তর পার্শ্বে সিকিউরিটি সংলগ্ন রাস্তার পূর্ব পার্শ্বে প্যালাসাইডিংকরণ কাজ। | ৩,৩০,৪৫১/- | সংশ্লিষ্ট ডিওএইচএস উন্নয়ন তহবিল |
| ১২. | সেনাপল্লী হাই স্কুলের বাৎসরিক সংস্কার ও মেরামত কাজ। | ২,৯৮,৯৮৭/- | বাৎসরিক সংস্কার ও মেরামত খাত |
| ১৩. | বারিধারা ডিওএইচএস এলাকার পুকুর পাড়ের চতুর্দিকে বিদ্যমান ওয়াকওয়ের উপরে পেভ টাইলস সরবরাহ ও স্থাপন কাজ। | ১৮,৮৩,৬১৩/- | বোর্ডের স্থানীয় আয় |
| ১৪. | ক্যান্টনমেন্ট বাজার এলাকার স্টাফ কোয়ার্টার নং-১৬/এ-১ (মসজিদ কোয়ার্টার) মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ। | ৫১,১৬৮/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ |
| ১৫. | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৭ নং রোডের ৬৪/এইচ নং স্টাফ কোয়ার্টার মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ। | ২৯,১৩৬/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ |
| ১৬. | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৭ নং রোডের ৬৪/আই নং স্টাফ কোয়ার্টার মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ। | ৫২,৬১৮/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ |
| ১৭. | আদর্শ বিদ্যানিকেতন মানিকদী স্কুল সংলগ্ন স্টাফ কোয়ার্টারের ২ নং বাসা মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ। | ৪৮,৮৯৫/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ |

| | | | |
|---|---|---|---|
| ১৮. | আদর্শ বিদ্যানিকেতন মানিকদী স্কুল সংলগ্ন স্টাফ কোয়ার্টারের ১ ও ৪ নং বাসা মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ। | ৬০,২৪৪/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ |
| ১৯. | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৪/এ নং স্টাফ কোয়ার্টার মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ। | ৪৮,৬৬২/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ |
| ২০. | শহীদ রমিজ উদ্দিন স্কুল ও কলেজ সংলগ্ন স্টাফ কোয়ার্টার নং-৬০/৭ মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ। | ৫৯,০১২/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ |
| ২১. | শহীদ রমিজ উদ্দিন স্কুল ও কলেজ সংলগ্ন স্টাফ কোয়ার্টার নং-৬০/৮ মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ। | ৪৫,০৯২/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ |
| ২২. | সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের বেড লিফট এর Full height door sensor সরবরাহ ও স্থাপন কাজ। | ৪৫,০০০/- | হাসপাতালের নৈমিত্তিক খাত |
| ২৩. | ১৩ এমপি ইউনিট এর চাহিদা অনুযায়ী ১৫০টি প্লাস্টিকের রোড ডিভাইডার ও ৫" ডায়া ১৪৪০ ফুট জিআই পাইপ সরবরাহ। | ৩,২৭,৯৪৩/- | বোর্ডের স্থানীয় আয় |

গৃহীত সিদ্ধান্ত ঃ উপরোল্লিখিত মূল্যানুমানগুলো অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। ক্রমিক নং- ১, ৪, ৫, ১২, ১৪, ১৫, ১৬, ১৭, ১৮, ১৯, ২০, ২১ ও ২২ এ উল্লেখিত কাজের দরপত্র আহ্বান করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হোক। অবশিষ্ট মূল্যানুমানগুলোর চূড়ান্ত অনুমোদনসহ ব্যয়ের অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-২৬ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত কাজের Responsive Tender অনুমোদন প্রসংগে ঃ-

| ক্রমিক নং | কাজের বিবরণ | অনুমোদিত মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস ২০১২ মোতাবেক | Responsive Tenderer | উদ্ধৃত্ত দর | ব্যয়ের খাত |
|---|---|---|---|---|---|
| ১। | বনানী ও মহাখালী লিংক রোড প্রশস্তকরণসহ কার্পেটিং কাজ। | ৫৩,৫৪,২৬১/- | এম আর ট্রেড লিংক | ৫৬,১৬,৬১৯/৭৮ | বোর্ডের স্থানীয় আয় |
| ২। | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৭ নং রোডের দক্ষিণ পার্শ্ব হতে রাস্তার পূর্ব পার্শ্ব দিয়ে ডিজিএফআই এর অফিস পর্যন্ত ড্রেনের উচ্চতা বৃদ্ধিসহ স্ল্যাব নির্মাণ কাজ। | ১০,৪৪,৩৭৭/- | ফোর ওয়েজ ইঞ্জিনিয়ার্স | ১০,৯৫,৫৫১/৪৭ | বোর্ডের স্থানীয় আয় |
| ৩। | ক্যান্টনমেন্ট বাজার এলাকার জলাবদ্ধতা দূরকরণের জন্য শহীদ বদিউজ্জামান রোড সংলগ্ন (ক্যান্টনমেন্ট বোর্ডের ডরমেটরীর পিছনে) পুকুর পাড়ের পশ্চিম দিক হতে মিরপুর সেকশন-১৪ রোড পর্যন্ত আরসিসি পাইপ ড্রেন পরিস্কার, নতুন স্লাব নির্মাণসহ কাঁচা অংশে প্যালাসাইডিং কাজ। | ১৫,২৭,৩৭৩/- | মেসার্স আমিন ব্রাদার্স | ১৬,০২,২১৪/২৭ | বোর্ডের স্থানীয় আয় |
| ৪। | শহীদ সরণির আর্মি এমপি ইউনিট এবং বেস বাশারের প্রবেশ পথের ফুটপাত ভেঙ্গে প্রবেশপথ প্রশস্তকরণসহ অগ্রণী ব্যাংক এবং বেস বাশার এর সামনে বিউটি স্পটে ফেসিং ব্রিক স্থাপন। | ৪,১২,১৭১/- | মেসার্স আমিন ব্রাদার্স | ৪,৩২,৫৭৩/৪৬ | বোর্ডের স্থানীয় আয়/অনুদান |
| ৫। | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ০৪ নং রোডের কোয়ার্টার নং-৯২(নিচতলা) পরিত্যক্ত সম্পত্তির বাসা সংস্কার ও মেরামতকরণ কাজ। | ৮১,৬৭২/- | মেসার্স নাগিনা ট্রেডার্স | ৮৫,১৮৪/- | পরিত্যাক্ত সম্পত্তির জমাকৃত অর্থ হতে |
| ৬। | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৪ নং রোডের কোয়ার্টার নং-৯৭ এর (সিঁড়িঘর) পরিত্যক্ত সম্পত্তির বাসা সংস্কার ও মেরামত কাজ। | ৬৯,৪২৮/- | মেসার্স নাগিনা ট্রেডার্স | ৭২,৪১৩/- | পরিত্যাক্ত সম্পত্তির জমাকৃত অর্থ হতে |
| ৭। | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ০৪ নং রোডের কোয়ার্টার নং-১০১ (নিচতলা) পরিত্যক্ত সম্পত্তির বাসা সংস্কার ও মেরামতকরণ কাজ। | ৯৮,৩১১/- | মেসার্স নাগিনা ট্রেডার্স | ১,০২,৬৩৬/- | পরিত্যাক্ত সম্পত্তির জমাকৃত অর্থ হতে |
| ৮। | শহীদ সরণির ব্রডওয়ে বিল্ডিং এর সামনে গ্যারেজ সংলগ্ন বিউটি স্পট, আদমজী বাসস্ট্যান্ড এর (পূর্ব ও পশ্চিম পার্শ্ব) গাছের গোড়ায় ফেসিং ব্রিক, ওয়াকওয়ে পেভ টাইলস স্থাপন, সেনাকুঞ্জের ইন গেইট হতে এএফডি গেইট সংলগ্ন ফুটপাতের বর্ধিত অংশে ঢালাইসহ পেভমেন্ট টাইলস স্থাপন কাজ। | ৭,১৫,৩৮০/- | মেসার্স আরএস এন্টারপ্রাইজ | ৭,৫০,২৯০/৫৪ | বোর্ডের স্থানীয় আয় |
| ৯। | শহীদ সরণির সিএমএইচ হাসপাতালের সম্মুখে ফুটওভার ব্রিজের আরসিসি বেইজ অপসারণ করে (পূর্ব ও পশ্চিম পার্শ্বে) নতুন ফুটপাত নির্মাণসহ পেভ টাইলস স্থাপন কাজ। | ৫,৬৫,৮৪৭/- | মেসার্স চাঁন মিয়া ইঞ্জিঃ ওয়ার্কসপ | ৫,৯২,৮৯৪/- | বোর্ডের স্থানীয় আয়/অনুদান |
| ১০। | ০৬টি এমপি চেকপোষ্ট, শহীদ সরণি, স্বাধীনতা সরণি, শহীদ মঈনুল রোডে গতিসীমা লেখা, বোর্ড মেরামত ও স্থাপন কাজ। | ৫,০৩,৮০০/- | মেসার্স মনির এন্ড কোং | ৫,২৮,৩৩৫/০৬ | বোর্ডের স্থানীয় আয়/অনুদান |
| ১১। | সদর দপ্তর ডিজিএফআই এর মেইন গেইটের উত্তর পূর্ব পার্শ্বের ফুটপাতে ডিজাইন গ্রিল স্থাপন কাজ। | ৬৪,৫০০/- | মেসার্স চাঁন মিয়া ইঞ্জিঃ ওয়ার্কসপ | ৬৭,৭০৫/৬৫ | বোর্ডের স্থানীয় আয়/অনুদান |
| ১২। | গ্যারিসন পেট্রোল পাম্প এবং সিএসডি'র উত্তর অংশে রোড মেরামতসহ কার্পেটিংকরণ কাজ। | ১৩,০০,০০০/- | মেসার্স খাঁন এন্টারপ্রাইজ | ১৩,৫৭,৫০০/- | বোর্ডের স্থানীয় আয় |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ১৩। | মহাখালী ডিওএইচএস এলাকার ১৯ এবং ১৯/এ নং রোডের সংযোগ সড়ক সাববেইজ ম্যাকাডামসহ কার্পেটিং কাজ। | ৫,৪৬,০৮৫/- | ফোর ওয়েজ ইঞ্জিনিয়ার্স | ৫,৭০,৬৫৮/৮২ | বোর্ডের স্থানীয় আয় |

গৃহীত সিদ্ধান্ত ঃ Tender Evaluaiton Committee এর মতামতসহ বিস্তারিত পর্যালোচনান্তে উপরোল্লিখিত কাজের দরগুলো অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। ক্রমিক নং-৫, ৬ ও ৭ এ উল্লেখিত প্রকল্পগুলো পরিত্যক্ত সম্পত্তি ব্যবস্থাপনা বোর্ডের অনুমোদনক্রমে কার্যাদেশ প্রদানপূর্বক পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হোক। অবশিষ্ট প্রকল্পগুলির চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে কাগজাদি প্রেরণ করা হোক।

আলোচ্যসূচী-২৭ঃ ক্যান্টনমেন্ট বোর্ড জামে মসজিদ সম্প্রসারণ কাজের ৩,৮৯,৮৩,৮৫১/- (তিন কোটি ঊননব্বই লক্ষ তিরাশি হাজার আটশত একান্ন) টাকার মূল্যানুমান অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ক্যান্টনমেন্ট বাজার এলাকায় বিদ্যমান একতলা বিশিষ্ট ক্যান্টনমেন্ট বোর্ড জামে মসজিদটিতে বর্তমানে মুসল্লীদের স্থান সংকুলান হচ্ছে না। উক্ত মসজিদের উপরে উর্ধ্বমুখী সম্প্রসারন করাও সম্ভব নয় বিধায় মসজিদের পশ্চিম পার্শ্বে ১৩০-০´´×৮২-০´´ আয়তনের একটি আলাদা মসজিদ ভবন নির্মাণ করা প্রয়োজন। উক্ত প্রকল্পের নকশা ও ৩,৮৯,৮৩,৮৫১/- টাকার মূল্যানুমান প্রস্তুত করা হয়েছে। আলোচনাক্রমে আরো জানা যায় যে, সেনা কর্তৃপক্ষ কর্তৃক ঢাকা সেনানিবাসে আরো বেশ কয়েকটি মসজিদ নির্মাণ প্রকল্প হাতে নেয়া হয়েছে। পুনঃ যাচাই বাছাই করে পরবর্তীতে বোর্ডসভায় উপস্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-২৮ঃ ৭ম বার্ষিক সাধারণ সভা উপলক্ষে মিরপুর ডিওএইচএস পরিষদকে আর্থিক সহায়তা প্রদান প্রসঙ্গে মিরপুর ডিওএইচএস পরিষদের ১২ ফেব্রুয়ারি ২০১৪ তারিখের ১৭৬৫/ডিওএইচএস/মিরপুর নং পত্রের উপর আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর আলোচনায় জানা যায় যে, মিরপুর ডিওএইচএস পরিষদ এর ৭ম সাধারণ সভা উপলক্ষে সাজসজ্জা ও অন্যান্য অনুষঙ্গিক ব্যয় বাবদ ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা ডিওএইচএস উন্নয়ন তহবিল হতে আর্থিক সহায়তা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

আলোচ্যসূচী-২৯ঃ লালাসরাই মৌজার সিবি-২৮৭/৩ নং প্লটে যাতায়াতের জন্য সাইট নকশা ২৭ সেপ্টেম্বর ২০০৭ তারিখের বোর্ডসভার আলোচ্যসূচী-১৯ এর মাধ্যমে উপস্থাপন করা হলে সাইট নকশা অনুযায়ী রাস্তা ব্যবহারের অনুমতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। বিদ্যমান ০৬ তলার উপর ০৭ তলা নির্মাণের সংশোধিত নকশাটি এমআইএসটি কর্তৃক ০৪ জুন ২০১৩ তারিখে ভেটিং করা হয়েছে। বর্ণিত প্লটে বিদ্যমান ০৬ তলার উপর ০৭ তলা নির্মাণের সংশোধিত নকশা ২৬ সেপ্টেম্বর ২০১৩ তারিখের বোর্ডসভার আলোচ্যসূচী-১০(২৫) এর মাধ্যমে উপস্থাপন করা হলে রাস্তার ক্ষতিপূরণ আদায়পূর্বক নকশা অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত বোর্ডসভার সিদ্ধান্তদ্বয়ের অনুবৃত্তিক্রমে এ বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর বিস্তারিত আলোচনান্তে সেনানিবাসের জমি-জমা সংক্রান্ত বিধি-বিধান এবং বিল্ডিং বাইল' সম্বলিত স্বয়ং সম্পূর্ণ প্রস্তাব আগামী বোর্ডসভায় উপস্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-৩০ঃ ০৩ ফেব্রুয়ারি ২০১৪ তারিখের বোর্ডসভার আলোচ্যসূচী-৩৫ এর সিদ্ধান্তের অনুবৃত্তিক্রমে সেনাকল্যাণ কনস্ট্রাকশন এন্ড ডেভলোপমেন্ট (এসকেসিডি) লিঃ কর্তৃক বাড়ী নির্মাণ/পুনঃ নির্মাণ/সম্প্রসারণের ক্ষেত্রে সার্ভিস চার্জ মওকুফের বিষয়ে সেনাসদর, কিউএমজি শাখা, এমএন্ডকিউ পরিদপ্তর, ঢাকা সেনানিবাসের ০৮ জানুয়ারি, ২০১৪ তারিখের পত্রের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ সেনাসদর, কিউএমজি শাখা, এমএন্ডকিউ পরিদপ্তর, ঢাকা সেনানিবাসের ০৮ জানুয়ারি, ২০১৪ তারিখের পত্রের আলোকে ইতোমধ্যে কার্যক্রম গ্রহণ করা হয়েছে।

আলোচ্যসূচী-৩১ঃ ০৩ ফেব্রুয়ারি ২০১৪ তারিখের বোর্ডসভার আলোচ্যসূচী-২২ এর সিদ্ধান্তের অনুবৃত্তিক্রমে মিরপুর ডিওএইচএস এর ৫০৩ নং প্লটে অননুমোদিত নির্মাণের বিষয়ে সেনাসদর, কিউএমজি'র শাখা, এমএন্ডকিউ পরিদপ্তর, ঢাকা সেনানিবাসের ১১/১২/২০১৩ ইং তারিখের ২৩.০১.৯০১.০৪৪.০২.০৭১.১৮.১২.১৩.প্লট-৫০৩ নং পত্রের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ সেনাসদর, কিউএমজি শাখা, এমএন্ডকিউ পরিদপ্তরের নির্দেশনা মোতাবেক পরবর্তী কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-৩২ঃ কুর্মিটোলা ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশনের ড্রেন, বাউন্ডারী ওয়াল ও স্টেশন সৌন্দর্য বর্ধনের জন্য রং করাসহ মেরামত ও সংস্কার সংক্রান্ত ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের মহাপরিচালকের ১৭/২/২০১৪ তারিখের এফএসওসিডি/উন্ন/১৮ নং পত্রের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ মূল্যানুমান প্রস্তুত করে আগামী বোর্ডসভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-৩৩ঃ সেনাসদর, প্রশাসনিক শাখার অভ্যন্তরে ১৫-০´´ × ১২ - ০´´× ৭ - ০´´ দোচালা বিশিষ্ট একটি ডাস্ট বিন নির্মাণের নিমিত্তে ১,৮১,৬০৩/- (এক লক্ষ একাশি হাজার ছয়শত তিন) টাকার মূল্যানুমান অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ আর্মি কঞ্জারভেন্সী খাত হতে ব্যয় নির্বাহ সাপেক্ষে সেনাসদর, প্রশাসনিক শাখার অভ্যন্তরে ১৫-০´´ × ১২ - ০´´× ৭ - ০´´ দোচালা বিশিষ্ট একটি ডাস্ট বিন নির্মাণের নিমিত্তে ১,৮১,৬০৩/- (এক লক্ষ একাশি হাজার ছয়শত তিন) টাকার মূল্যানুমান অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। ব্যয় বরাদ্দের জন্য স্টেশন সদর দপ্তর, ঢাকা সেনানিবাসে পত্র প্রেরণসহ দরপত্র আহ্বান করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হোক।

আলোচ্যসূচী-৩৪ঃ ধামালকোট প্রজেক্ট এলাকায় রোপণকৃত গাছ পরিচর্যা ও পরিষ্কার-পরিচ্ছন্নতা কাজের জন্য ২৪ ফেব্রুয়ারি, ২০১৪ তারিখ হতে ২৪ জুলাই, ২০১৪ তারিখ পর্যন্ত ১৫১ দিনের জন্য ১৫ জন দৈনিক শ্রমিক নিয়োগের নিমিত্তে জন প্রতি দৈনিক ৩০০/- (তিন শত) টাকা হিসেবে (১৫×১৫১×৩০০) = ৬,৭৯,৫০০/- (ছয় লক্ষ উনআশি হাজার পাঁচশত) টাকা ব্যয়ের অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ ধামালকোট প্রজেক্ট এলাকায় রোপণকৃত গাছ পরিচর্যা ও পরিষ্কার-পরিচ্ছন্নতা কাজের জন্য ১৫১ দিনের জন্য ১৫ জন দৈনিক শ্রমিক নিয়োগের নিমিত্তে ৬,৭৯,৫০০/- (ছয় লক্ষ উনআশি হাজার পাঁচশত) টাকা বোর্ডের স্থানীয় আয়ের উৎস হতে ব্যয়ের অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

৩৫ বিবিধ-১ঃ গত ০৩ ফেব্রুয়ারি, ২০১৪ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যসূচী-৩০ এর সিদ্ধান্তের অনুবৃত্তিক্রমে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে প্রথম শ্রেণীর ঠিকাদার হিসেবে তালিকাভুক্তির নিমিত্ত প্রাপ্ত ০৭টি আবেদনপত্রের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর বিস্তারিত আলোচনান্তে প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের নিরাপত্তা ছাড়পত্র প্রাপ্তি সাপেক্ষে নিম্নবর্ণিত ০৭(সাত)টি প্রতিষ্ঠানকে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে প্রথম শ্রেণীর ঠিকাদার হিসেবে তালিকাভুক্তির সিদ্ধান্ত গৃহীত হলোঃ-

| ক্র/নং | ফার্ম ও স্বত্ত্বাধিকারীর নাম | ফার্মের ঠিকানা |
|---|---|---|
| ১. | মেসার্স নূর কনস্ট্রাকশন<br>প্রপ্রাইটর ঃ জনাব মোঃ নূর উদ্দিন | বাড়ী#১৬/সি, রোড#২/এ, ক্যান্টঃ বাজার এরিয়া, ঢাকা ক্যান্ট। |
| ২. | মেসার্স শাহনেওয়াজ এন্টারপ্রাইজ<br>প্রপ্রাইটর ঃ জনাব মোঃ সরফরাজ আলম | ডি/১৯, হাউজিং এষ্টেট, খালিশপুর, খুলনা। |
| ৩. | মেসার্স রোরেনা এন্টারপ্রাইজ<br>প্রপ্রাইটর ঃ জনাব রিজওয়ানুর রহমান ছিদ্দিকী | বাড়ী নং-১৬৯/ডি, উত্তর কুনিয়াপাড়া, শান্তিনিকেতন, তেজগাঁও, ঢাকা। |
| ৪. | মেসার্স রাকিব ইন্টারন্যাশনাল<br>প্রপ্রাইটর ঃ জনাব মোঃ রাকিউল ইসলাম (রাকিব) | ১৬/৮, রজনীগন্ধা সুপার মার্কেট, ঢাকা ক্যান্ট। |
| ৫. | মেসার্স এন এম এন্টারপ্রাইজ<br>প্রপ্রাইটর ঃ মিসেস সৈয়দা শারমিন আরা | সি, বি-১৬/২, কচুক্ষেত পুরান বাজার, ঢাকা ক্যান্ট। |
| ৬. | মেসার্স লিসা এন্ড কোং<br>প্রপ্রাইটর ঃ জনাব দেলোয়ার হোসেন | ১১৫ নিউ ইস্কাটন, ঢাকা। |
| ৭. | মেসার্স শাহতাজ ট্রেড ইন্টারন্যাশনাল<br>প্রপ্রাইটর ঃ জনাব ফয়সাল তানভীর | বাড়ী#৫৮৪, রোড#০৬, বাইতুল আমান হাউজিং সোসাইটি, আদাবর, ঢাকা-১২০৭। |

৩৫ বিবিধ-২ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত কাজের মূল্যানুমান অনুমোদন প্রসংগে ঃ-

| ক্রমিক নং | কাজের নাম |
|---|---|
| ১. | জিয়া কলোনী হতে আইএসএসবি পর্যন্ত রাস্তার উভয় পার্শ্বে পেভমেন্ট টাইলস্থ স্থাপন। |
| ২. | আশালতা, রজনীগন্ধা আ/এ ও শহীদ মোস্তফা কামাল লাইন এলাকার শিশু পার্কে খেলনা সামগ্রী সরবরাহ ও স্থাপন। |
| ৩. | শহীদ মঈনুল রোড ও মিরপুর ডিওএইচএস এ স্থায়ী ডাস্ট বিন স্থাপন। |
| ৪. | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৮ নং রোডের ত্রিকোণ পার্ক সংস্কার ও উন্নয়ন। |
| ৫. | স্বাধীনতা সরণির উত্তর পার্শ্বে সিএসডি জংশন সংলগ্ন রাস্তা মেরামত ও কার্পেটিং কাজ। |

গৃহীত সিদ্ধান্ত ঃ ক্রমিক নং-১ এ উল্লেখিত রাস্তাটি সড়ক ও জনপথ বিভাগের আওতাধীন বিধায় জরুরী ভিত্তিতে উক্ত রাস্তা মেরামতসহ রাস্তার উভয় পার্শ্বে ফুটপাত নির্মাণ এবং পেভমেন্ট টাইলস্ স্থাপনের জন্য অনুরোধ জানানোর সিদ্ধান্ত গৃহীত হলো। অবশিষ্ট প্রকল্পগুলোর মূল্যানুমান প্রস্তুত করে চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হোক।

৩৫ বিবিধ-৩ঃ ঢাকা সেনানিবাসস্থ ডিওএইচএস বনানী, মহাখালী, বারিধারা, মিরপুর ও সেনানিবাস বর্ধিত এলাকায় বাড়ী নির্মাণের নিমিত্তে নিম্নোক্ত নকশাসমূহ অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত ঃ-

| ক্র/নং | প্লট মালিকের নাম | প্লট নম্বর | ঠিকানা | এমইও'র ছাড়পত্রের তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১. | লেঃ কর্ণেল (অবঃ) মোঃ সাজেদুর রহমান | ৮৯৭ | মিরপুর ডিওএইচএস | | নতুন ০৭ তলা ভবন |
| ২. | জনাব মোঃ আলাউদ্দিন<br>নির্বাহী প্রকৌশলী বি/আর, এমইএস | ১২৯২ | মিরপুর ডিওএইচএস | | সংশোধিত ০৭ তলা ভবন (খালি প্লট) |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ৩. | কমান্ডার আরিফ আহসানুল্লাহ (ই)বিএন (অবঃ) | ১৩৫০ | মিরপুর ডিওএইচএস | | সংশোধিত ০৭ তলা ভবন (অভ্যন্তরীন পরিবর্তন) |
| ৪. | আলহাজ্ব জামাল উদ্দিন আহমেদ | ৩/এ | বনানী ডিওএইচএস | | সংশোধিত ০৭ তলা ভবন (পুরাতন দোতলা ভবন ভেঙ্গে নতুন ভবন নির্মাণ) |

গৃহীত সিদ্ধান্ত ঃ নকশাগুলো অত্র দপ্তরের প্রকৌশলী কর্তৃক যাচাই করা হয়েছে। ক্যান্টনমেন্ট বিল্ডিং বাই-লজ অনুযায়ী Set back ঠিক আছে। স্ট্রাকচারাল ডিজাইনের ব্যাপারে ডিজাইন ইঞ্জিনিয়ার প্রত্যয়ন দিয়েছেন। বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত সমূহ গৃহীত হলো ঃ-

(ক) Land point of view-তে ডিওএইচএস এলাকার জন্য এমইও, কেন্দ্রীয় সার্কেল এবং অন্যান্য ক্ষেত্রে বোর্ডের রাজস্ব শাখার ছাড়পত্র প্রাপ্তি সাপেক্ষে ক্রমিক নং-১ হতে ৩ এ বর্ণিত মিরপুর ডিওএইচএস এর ৩টি প্লট এবং ক্রমিক নং-৪ এ বর্ণিত বনানী ডিওএইচএস এর ০১টি প্লটসহ মোট ৪টি প্লটে ০৭(সাত) তলা নতুন ভবন নির্মাণ/আভ্যন্তরীন পরিবর্তনের নকশা অনুমোদন করা হলো।

উল্লেখ্য যে, প্রযোজ্য সকল ক্ষেত্রে যথারীতি রাস্তার ক্ষতিপূরণ পরিশোধ করতে হবে এবং নির্মাণকারী প্রতিষ্ঠান কর্তৃক বাড়ী নির্মিত হলে ক্যান্টনমেন্ট বোর্ডের তালিকাভুক্তিসহ জামানতের টাকা পরিশোধ করতে হবে।

৩৫ বিবিধ-৪ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত কাজের Responsive Tender অনুমোদন প্রসংগে ঃ-

| ক্রমিক নং | কাজের বিবরণ | অনুমোদিত মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস ২০১০ মোতাবেক | Responsive Tenderer | উদ্ধৃত্ত দর | ব্যয়ের খাত |
|---|---|---|---|---|---|
| ১. | ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থ ক্যান্টনমেন্ট বোর্ডের নিয়ন্ত্রণাধীন ৭ নং রোডের ৭ নং ভবন (ডিএমএলএন্ডসি অফিস) এর ২য় তলার উপর ৩য় তলা নির্মাণ। | ৬৬,৩৪,৪৯৭/- | মেসার্স রনি এন্টারপ্রাইজ | ৮৪,৯০,৫৩৪/৭৫ | অনুদান |

গৃহীত সিদ্ধান্ত ঃ Tender Evaluaiton Committee এর মতামতসহ বিস্তারিত পর্যালোচনান্তে উপরোল্লিখিত কাজের দর অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে কাগজাদি প্রেরণ করা হোক।

অন্য কোন আলোচ্যসূচী না থাকায় সকলকে ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

০৪.০৬.২০১৪

( মোঃ রেজাউল ইসলাম )
সেক্রেটারী, ক্যান্টনমেন্ট বোর্ড
ও
ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার
ঢাকা ক্যান্টনমেন্ট।

(ব্রিগেডিয়ার জেনারেল মোঃ নুরুল মোমেন খান, এনডিসি, পিএসসি)
প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড
ও
স্টেশন কমান্ডার
ঢাকা সেনানিবাস।